



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-১৪:৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.১০৭৫

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগস্ট ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**


উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৮ এপ্রিল ২০২৩ তারিখে দৈনিক সমকাল এবং The Daily Sun পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৫ মে ২০২৩ তারিখে “ঙ-ক্যাটাগরী”(এয়ার টিকেট/ট্রাভেল এজেন্ট)তে সরবরাহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি’র কর্মকর্তা/কর্মচারীদের জন্য এয়ার টিকেট (ট্রাভেল এজেন্ট) সরবরাহের নিমিত্তে শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :-

নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
১.	এস এস হলিডেইজ গ্রীন মার্চ (২য় তলা), ৩৩, ৩৩/১, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
২.	কেয়া টুরস অ্যান্ড ট্রাভেলস মমতাজ প্রাজা (৩য় তলা), বাড়ি # ০৭, রোড # ০৪, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
৩.	টুর বুকিং বাংলাদেশ লিমিটেড জেসিএক্স বিজনেস টাওয়ার, ৬ষ্ঠ তলা, প্লট-১১৩৬/এ, ব্লক-১, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯।
৪.	শেয়ার ট্রিপ লিমিটেড। জেইএক্স বিজনেস টাওয়ার, ৩য় তলা, প্লট-১১৩৬/এ, ব্লক- আই, বসুন্ধরা আ/এ, ঢাকা-১২২৯।

### শর্তাবলী :

- ১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৫ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী সীমিত দরপত্র আহবান করা হলে তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহকে দ্রুত সময়ের মধ্যে তা নিশ্চিতকরণের জন্য তাদের ই-মেইল, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির ফোন নম্বর প্রদান করতে হবে।
- ৩। টিকেটের জন্য কোটেশান পাঠানোর সময় প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তা স্বাক্ষরিত হতে হবে।
- ৪। কোটেশানে টিকেটের শ্রেণী/ বুকিং বৈধতা/ এয়ার লাইন্সের নাম/সেক্টর উল্লেখ করতে হবে এবং নন-রিফান্ডেবল টিকেট ইস্যু করা যাবে না।
- ৫। দাখিলকৃত কোটেশান অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা, কারচুপি বা অসদাচারণ অবলম্বন করলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে দসরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৬। তালিকাভুক্ত প্রতিষ্ঠান সমূহ যদি কোন সরকারী প্রতিষ্ঠানে কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৭। কার্যাদেশ/নির্দেশনা অনুযায়ী টিকেট সরবরাহকারীর পর বিল দাখিল করলে সরকারি বিধি মোতাবেক চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
- ৮। সরকারী নিয়মমাফিক বিল হতে আয়কর/ভ্যাট কর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

- ৯। তালিকাভুক্ত সংক্রান্ত সরকারি বিধি-বিধান, সরকারি ত্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
- ১০। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ কামরুল ইসলাম  
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।

প্রতি

.....  
.....

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।